



ছবি চোখ দিয়ে দেখা ও শিল্পী-মন দিয়ে দেখা

□ অশোক নাথ

শিক্ষক, কামাখ্যা বিদ্যালয়

মানুষের চিন্তা ভাবনা এবং ভাষার বাহন হল ছবি। রূপ রঙ আলোছায়া ও ছন্দকে রূপান্তরিত করারে ছবি বলে। ছবি হলো দৃশ্য চরাচরের এবং অদৃশ্য চরাচরের যোগসূত্র।

আবার সংজ্ঞা রচনা প্রনালী উপাদান ও শিল্পের লক্ষন নিয়ম নীতি বিধি নিষেধ স্থান ও বিষয় বস্তু গুলিই হচ্ছে শিল্পের ব্যাকরণ।

প্রথম মানুষের সৃষ্টি ছবি কেবল রেখা দিয়ে ঘেরা সমতল রং দিয়ে ভর্তি করা এই সব ছবির মধ্যে শিল্পের ব্যাকরণ না থাকলে ও দৃষ্টি কোন থেকে এই গুলি হচ্ছে ছবি।

মানুষ চোখ দিয়ে দেখে সাধারণ ছবি, আর তাহা থেকে পায় আনন্দ যেমন লাল, নীল হলুদ রং করে সুন্দর দৃশ্য তৈরী করে। কিন্তু সঠিক চিন্তা নিয়ম কানন মেনে যে ছবি হয় তখনই শিল্প উন্নত স্তরের হয়। ছবি মনের অথবা কোন ঘটনার অন্তর্নিহিত ভাব সাহিত্যিকের মত নিখুত ভাবে ফুটিয়ে তুলতে পারেন যেখানে থাকবে রঙ রেখা আলোছায়া বস্তুর ঘনত্ব ও তুলির টান।

বর্তমানে দেখা যায় ছবি আঁকার ব্যাপক ভাবে দেশের সর্বত্র ছড়িয়ে পড়েছে, কিন্তু আগেকার ছবি আঁকার বা শিল্প চর্চার নিদিষ্ট একটা গণ্ডীর ভিতর সীমা বদ্ধ ছিল। কিন্তু এখন পরিবর্তনের ফলে ছবি আঁকার ব্যাপক আগ্রহ তার মূলে শিল্প ক্ষেত্রে প্রায় সব বিষয়েই অংকনের প্রভাব সুস্পষ্ট ফলে প্রায় বাধ্যতামূলক ভাবে ছাত্র ছাত্রী বর্তমানে ছবি অংকনে ব্রতী এমন কি বিভিন্ন প্রতিযোগিতায় প্রতিযোগীর তুলনায় অংকন প্রতিযোগী অনেক বেশী তাহাতেই বোঝা যায় এই বিষয়ের ওপর ধীরে ধীরে সমাদর বাড়ছে। আজ থেকে দশ পনেরো বৎসর আগে এই চিত্র শিল্পী খুবই কম দেখা যেত তবে একথা ঠিক এই চিত্রাঙ্কন পদ্ধতি শুধু মাত্র চিত্র অঙ্কন করে শিক্ষা দেয়া না এই পদ্ধতির মাধ্যমে ঘটে শিশু মনের বিকাশ আনন্দবোধ ও চেতনা। বর্তমান সময়ে ভারত বর্ষের শিক্ষায়তনে চিত্রাঙ্কন ক্রমশ প্রসারের উর্ধ্বর শিখরে আরোহন করছে। আবার তার মধ্য থেকে দুই এক জন শিল্পী সাধনায় ব্রতী হন।

শিল্পীর চোখে অন্তর্নিহিত রূপের সার্থক বিন্যাস থাকে তিনি সুন্দর ও অসুন্দরের রূপ প্রকাশ করতে পারেন, চেতনার উৎসারিত ধারা রূপের আবেশ বহন করে শিল্পী হন সাধক।

ছবি আমাদেরকে আনন্দ দান করলে ও এই রং রেখার গভীরে যে কত বক্তব্য থাকে তাহা



দেখতে হলে ছবি মন দিয়ে দেখতে হয়। তখনই দেখা দেয় ছবির তাৎপর্য মনকে নাড়া দেয় চেতনা শক্তি আসে, তখনই ছবি শিল্প স্তরের উন্নত মানের হয়।

সাধারণ লোক যখন ছবি দেখেন তখন তাহাদের ধারণা হয় ছবিতে কি আছে, কিন্তু ছবি দেখার জন্য গভীর অন্তর্দৃষ্টি প্রয়োজন। যে কোন ছবি কেবল চোখ দিয়ে দেখে বিচার বা সঠিক উত্তর পাওয়া যায় না, যখন শিল্প মন দিয়ে সূক্ষ্ম চিন্তাধারায় দেখা যায় তখন যে কোন ছবির আসল রূপ প্রকাশ পায় তখনই শিল্পী হন একজন সাধক। বর্তমানে যে ভাবে ভারতবর্ষের সর্বত্র চিত্র অংকন ছড়িয়ে পড়ছে তাই আজ আমি খুবই আনন্দিত ও গর্বিত। আমি ভগবানের নিকট প্রার্থনা করি ছোট ছোট ছেলে মেয়েরা পড়াশুনার সাথে এটাকেও যেন আকড়ে ধরে রাখে আর তাহাদের শাস্ত মনে সুচিন্তা আসুক, লিখা আঁকা আরও সুন্দর হয়ে উঠুক।